# চাঁদাবাজির ঘটনা ফেসবুকে সরাসরি সম্প্রচার করায় গাজীপুরে সাংবাদিককে কুপিয়ে হত্যা



সংগৃহীত ছবি

গাজীপুরে প্রকাশ্যে কুপিয়ে হত্যা করা হয়েছে এক স্থানীয় সাংবাদিককে। বৃহস্পতিবার (৭ আগস্ট) রাত ৮টার দিকে মহানগরীর ব্যস্ত চান্দনা চৌরাস্তা এলাকায় মসজিদ মার্কেটের সামনে এক দোকানে এই মর্মান্তিক ঘটনা ঘটে। নিহত সাংবাদিক আসাদুজ্জামান তুহিন (৩৮) ছিলেন দৈনিক প্রতিদিনের কাগজ পত্রিকার গাজীপুর প্রতিনিধি।

তুহিনের বাড়ি ময়মনসিংহের ফুলবাড়িয়া উপজেলার ভাটিপাড়া গ্রামে হলেও তিনি পরিবার নিয়ে গাজীপুর মহানগরের চান্দনা চৌরাস্তা এলাকায় বসবাস করতেন। স্থানীয় সূত্রে জানা গেছে, ঘটনার কিছু ঘণ্টা আগেই ফুটপাত ও দোকানপাট থেকে চাঁদাবাজির বিষয়ে লাইভ সম্প্রচার করেছিলেন তুহিন। ওইদিন সন্ধ্যায় নিজের ফেসবুক অ্যাকাউন্টেও তিনি একটি ভিডিও পোস্ট করেন, যেখানে তিনি চাঁদাবাজি চক্রের বিরুদ্ধে বক্তব্য দেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, রাত ৮টার দিকে মসজিদ মার্কেটের সামনে একটি চায়ের দোকানে বসে চা পান করছিলেন তুহিন। হঠাৎ করেই ১০-১২ জন সশস্ত্র সন্ত্রাসী তাকে ঘিরে ফেলে। প্রাণ বাঁচাতে তিনি পাশের একটি মুদির দোকানে ঢুকে পড়লেও দুর্বৃত্তরা সেখানে গিয়েই চাপাতিসহ ধারালো অস্ত্র দিয়ে তার ওপর হামলা চালায়। তাদের হামলায় তুহিন ঘটনাস্থলেই প্রাণ হারান।

ঘটনার সময় শতাধিক পথচারী ও দোকানদার উপস্থিত থাকলেও সন্ত্রাসীদের বর্বরতার সামনে কেউ এগিয়ে আসতে সাহস পাননি। হামলার পর ঘাতকরা দ্রুত এলাকা ছেড়ে পালিয়ে যায়।

বাসন থানার অফিসার ইনচার্জ (ওসি) শাহীন খান জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে নিহতের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য গাজীপুর শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠিয়েছে। হত্যাকাণ্ডের কারণ জানতে তদন্ত শুরু হয়েছে এবং দোষীদের চিহ্নিত করতে সিসিটিভি ফুটেজ সংগ্রহের কাজ চলছে।

এদিকে একজন সাংবাদিককে প্রকাশ্যে এভাবে হত্যা করায় স্থানীয় সাংবাদিক সমাজ ও পেশাজীবী মহলে চরম ক্ষোভ ও উদ্বেগ ছড়িয়ে পড়েছে। অবিলম্বে হত্যাকারীদের গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন তারা।